পার্বত্য চট্টগ্রামে মাশরুমের যথেষ্ট চাহিদা রয়েছে। আদিবাসী কমিউনিটিরা যারা পার্বত্য চট্টগ্রামের বনে মাশরুম খুঁজে বেড়ায় তারাই মাশরুম খেয়ে থাকে। যেভাবে হোক না কেন মাশরুম চাষ শুরু করতে সহজ হয়েছে এবং এর জনপ্রিয়তা বৃদ্ধি পেয়েছে। এছাড়াও খাদ্য উৎপাদনকারীদের যারা বিভিন্ন দ্রব্য তৈরিতে প্রক্রিয়াজাত মাশরুম ব্যবহার করে থাকে তাদের মধ্যে মাশরুমের চাহিদা রয়েছে। পার্বত্য চট্টগ্রামে মাশরুম উৎপাদনে তুলনামূলক সুবিধা রয়েছে কারণ এর জন্য তুলনামূলকভাবে স্বল্প শীতল তাপমাত্রার প্রয়োজন। এ কারণে বাংলাদেশের সমতলে মাশরুমের ভালো উৎপাদন হয় না। পাইলট প্রকল্পের মাধ্যমে দেখা গেছে, স্থানীয় ব্যবসায়ী যারা স্থানীয় বাজারে বিক্রির জন্য উৎপাদনকারীদের কাছ থেকে সরাসরি কিনতে আগ্রহী, তারা কয়েক মাসের মধ্যে প্রকল্পের সুবিধাভোগীদের কাছে ধনী দিতে লাগলেন।

প্রকল্প কার্যক্রম: মাশরুম চাষ

সক্ষমতার উন্নয়ন

২০০৮ সনে প্রকল্পের ৩য় কোয়ার্টারে মাশরুম চাষ প্রকল্পের বাস্তবায়ন শুরু হয়েছিল। প্রকল্পের শুরুতে মাশরুম চাষের উপর আশিকার ছিল সীমিত জ্ঞান। কিন্তু তারা স্থানীয় বেসরকারী উন্নয়ন সংস্থা 'পাড়া'র এ সম্পর্কিত বিশেষজ্ঞ জ্ঞানকে ব্যবহার করেছে। প্রকল্প চলাকালে আশিকা বাংলাদেশের সাভার ও নেপালের ইসিমোড পরিচালিত প্রকল্পে মাশরুম চাষের উপর বিভিন্ন প্রশিক্ষণ ও এক্সপোজার সফরে অংশগ্রহণ করে অভিজ্ঞতা অর্জন করেছে।

প্রশিক্ষণ

প্রকল্প মেয়াদে পার্বত্য চট্টগ্রাম হতে মোট ১৮৯ জনকে প্রকল্পের আওতায় প্রশিক্ষণ দেয়া হয়েছে। (সারণী ১ এ দ্রষ্টব্য) বিশেষ করে মহিলারা মাশরুম চাষে তাদের দক্ষতা বৃদ্ধিতে খুবই আগ্রহী ছিল। মাশরুম চাষ শুরু করতে তাদেরকে দক্ষতা ও প্রয়োজনীয় সাজসরঞ্জাম দেয়া হয়েছে এবং কিছু সংখ্যক পরিবার এখনও মাশরুম চাষ চালু রেখেছে।

টেবিল ১: মাশরুম চাষ প্রশিক্ষণ (ক্রমপুঞ্জীভূত)

জেলা	২০০৮		২০০৯						মোট		
	কোয়ার্টার-৩		কোয়ার্টার-৪		কোয়ার্টার-৫		কোয়ার্টার-৬				
	পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা	মোট
রাঙ্গামাটি	২	১৮	৮	৪২	৭	৩	৭	৫	২৪	৬৫	৮৯
বান্দরবান	-	-	৬	৪	২৩	১৭	০	০	২৯	২১	৫০
খাগড়াছড়ি	-	-	১৬	৪	৩	৭	৬	১৪	২৮	৩২	৬০
মোট	২	১৮	৩০	৫০	৩৩	২৭	১৩	১৯	৮১	১১৮	১৯৯

কোন বড় ধরনের বিনিয়োগ ছাড়া মাশরুম চাষ পার্বত্য চট্টগ্রামের জনগণকে গড়ে মাসিক ১,৫০০/- টাকা আয় করতে সাহায্য করেছে। উৎপাদনকারীদের যারা আশিকা হতে বীজ কিনে থাকে তারা লক্ষ্য করেছে যে, মাশরুম উৎপাদনের খরচ পড়ে ২৩.৫০/- টাকা (সারণী ২ এ দ্রষ্টব্য)। উৎপাদিত মাশরুমের খুব অল্পই বাড়িতে খাওয়া হয়। কিন্তু বেশির ভাগ বিক্রি করা হয়ে থাকে স্থানীয় ব্যবসায়ী ও মধ্যসত্ত্বভোগীদের কাছে। তারা স্থানীয় ব্যবসায়ী ও মধ্যসত্ত্বভোগীদের কাছে কেজি প্রতি ৮০/- টাকা দরে বিক্রি করে। এরা আবার বাজারে তা কেজি প্রতি ১০০/- টাকায় বিক্রি করে।

টেবিল ২: কেজি প্রতি মাশরুমের উৎপাদন খরচ

সরঞ্জাম	কেজি প্রতি খরচ (টাকায়)
বীজ	৬.০০ (আশিকা হতে বীজ)
বীজ বহন	০.৫০
খড়	১১.০০
মজুর	৬.০০
মোট	২৩.৫০

প্রকল্প চলাকালীন সময়ে অভিজ্ঞতার আলোকে আশিকা ও অন্যান্য স্থানীয় সহযোগী সংস্থাসমূহ এ সিদ্ধান্তে পৌঁছে যে, মাশরুম চাষীরা বছরে অতিরিক্ত ৩২% উপার্জন করতে পারে। এ অতিরিক্ত আয় তাদের পরিবারের খরচ মেটাতে সাহায্য করে। অনেকই আরো বেশি মাশরুম চাষ সম্প্রসারণে অথবা পশুপালনের মত অন্যান্য জীবিকার কৌশলে পূর্নবিনিয়োগ করেছে।



মিজ. লক্ষীমালা চাক্মা
বোধিপুর, রাঙ্গামাটি

মিজ. লক্ষীমালা চাক্মা হলো আশিকার মাশরুম চাষ উন্নয়নের লক্ষিত গ্রামগুলোর মধ্য হতে একটি গ্রামের বাসিন্দা। লক্ষীমালা চাক্মা ও তার স্বামী ভূমির অবনমন, শুকনো ও গরম মৌসুমের বিস্তৃতির কারণে ঐতিহ্যবাহী জুমে শস্য যেমন-তিল, সরিষা, ধান ইত্যাদির উৎপাদন বন্ধ করে আদা ও হলুদ চাষে মনযোগী হয়েছেন। কিন্তু পরিবারের বিভিন্ন প্রয়োজনীয় জিনিসপত্র কেনার জন্য আদা ও হলুদ হতে উপার্জিত অর্থ পর্যাপ্ত নয়। ২০০৮ সালে ২৫জন পুরুষ ও মহিলাসহ লক্ষীমালা ও তাঁর স্বামী মাশরুম চাষের উপর আশিকা হতে প্রশিক্ষণ গ্রহণ করে। মাশরুম চাষের মাধ্যমে তাঁরা তাদের দৈনিক আয় ৫০০/- টাকা পর্যন্ত বাড়াতে সক্ষম হয়েছিলেন। টাকাগুলো আদা ও হলুদের উৎপাদন বৃদ্ধিতে এবং বয়স্ক দম্পতিদের জন্য স্বচ্ছ সৃষ্টিতে ব্যবহার করা হয়েছিল। আর্থিক অনটনে ও জরুরী মুহুর্তে সঞ্চিত অর্থ একটি আর্থিক নিরাপত্তার জাল তৈরী করে। সম্প্রতি অন্তঃসত্ত্বা হওয়ায় লক্ষীমালা তাঁর সঞ্চিত অর্থ হাসপাতালের চিকিৎসা ব্যয় মেটাতে এবং তাঁর সন্তানদের উন্নত স্বাস্থ্য সেবার জন্য ব্যয় করতে পেরেছিলেন।

বীজ উৎপাদন ল্যাব

প্রকল্পটি মাশরুম বীজের জন্য চাহিদা তৈরী করেছে এবং আশিকা চাহিদা পূরনের প্রয়োজনীয়তার বিষয়টি অনুধাবন করতে পেরেছে। নিজস্ব উদ্যোগে আশিকা ২০০৯ সালে রাঙ্গামাটি শহরে একটি বীজ উৎপাদন ল্যাব প্রতিষ্ঠা করে। এতে মানুষ সারা বছর ধরে প্রতিযোগিতামূলক দামে ভালো বীজ পাওয়ার নিশ্চয়তা পেয়েছে। বীজ উৎপাদন ল্যাবটি একটি শীতাতপ নিয়ন্ত্রিত ইনকিউবেশন রুম। সেখানে একটি অটো ক্যাব মেশিন এবং প্যাকেটে বিভিন্ন বীজের যৌগ মেশানোর জন্য একটি মেশিন রয়েছে। আশিকার বীজ উৎপাদন ল্যাবে খন্ডকালীন ও পূর্ণকালীন ভিত্তিতে ৮ জন কর্মচারী কাজ করেছে। একটি বীজের প্যাকেট তৈরীতে খরচ হয় ১৬.৫০/- টাকা (সারণী ৩ এ দ্রষ্টব্য) এবং বিক্রি করা হয় ১৮/- টাকায়। আশিকা বছরে ৩৬ হাজার প্যাকেট উৎপাদন করে। ওগুলো আশিকার আউটলেট সেন্টারে বিক্রি হয় (সারণী ৪ এ দ্রষ্টব্য)। নীচের সারণীতে এক প্যাকেট বীজের উৎপাদন খরচের বিস্তারিত দেখানো হলো-

টেবিল ৩: বীজ প্যাকেটের উৎপাদন খরচ

বীজ প্যাকেটের উপাদান	পরিমাণ	খরচ
ভূমি	১.৭৫ গ্রাম	১.০০
গমের গুড়া	৫০ গ্রাম	২.০০
ধানের গুড়া	২৮ গ্রাম	০.৫০
ক্যালসিয়াম কারবোনেট	১ গ্রাম	০.৫০
তুলা, পেপার, রাবার ব্যান্ড, প্লাস্টিক ব্যাগ	-	৫.০০
বিদ্যুৎ	-	৩.০০
পানি	-	০.৫০
মজুর	-	৪.০০
মোট		১৬.৫০



মিজ. সুকানু দেওয়ান, রাঙ্গাপানি, রাঙ্গামাটি

মিজ. সুকানু দেওয়ান, রাঙ্গামাটি জেলার রাঙ্গাপানি এলাকার বাসিন্দা। তিনি মাশরুম চাষ শুরু করেছিলেন ২০০৪ সালে এবং এখনও বিভিন্ন স্থানীয় বেসরকারী সংস্থা থেকে নেয়া ক্ষুদ্র ঋণের মাধ্যমে তাঁর চাষের উন্নতি করে চলেছেন। মাশরুম চাষের লভ্যাংশ তাঁকে অতিরিক্ত জীবিকার কৌশল হিসেবে ডেইরী ফার্মে বিনিয়োগে সাহায্য করেছে। যদিও তিনি আশিকা-ইসিমোড-ইউএনডিপি-সিএইচটিডিএফ প্রকল্পের প্রত্যক্ষ সুবিধাভোগী নন, কিন্তু তিনি তাঁর মাশরুম ব্যবসার উন্নতির জন্য প্রদত্ত কিছু সেবা ব্যবহার করেন। তিনি আশিকার বীজ উৎপাদন ল্যাবের উপর নির্ভরশীল যেখানে সারা বছর ধরে বীজ উৎপাদিত হয়। আশিকা প্যাকেট জাত করে মূল্য সংযোজনের মাধ্যমে

তাদের আউটলেট সেন্টার সম্প্রসারণের পরিকল্পনা করেছে যাতে মিজ. দেওয়ানের মত মাশরুম চাষীরা মধ্যসত্ত্ব ভোগীদের সরিয়ে দিয়ে বেশি আয় করতে পারে। এ মুহূর্তে মিজ. দেওয়ানের কেজি প্রতি ২০ টাকা ক্ষতি হচ্ছে কারণ তিনি স্থানীয় ব্যবসায়ীদের কাছে কেজি প্রতি ৯০/- টাকায় বিক্রি করেন এবং ব্যবসায়ীরা বাজারে তা ১১০/- টাকায় বিক্রি করে।

আউটলেট সেন্টার -আশিকা

মাশরুম এবং অন্যান্য দ্রব্য যেমন- মধু, ঔষধী গাছ-গাছরা বিক্রির কাজ সহজতর করতে আশিকা একটি আউটলেট সেন্টার প্রতিষ্ঠা করেছে, যেখানে বীজ ও উৎপাদিত মাশরুম বিক্রি করা হয়। মাশরুম চাষীরা মাসে গড়ে ৫০ প্যাকেট বীজ ক্রয় করে। আউটলেট সেন্টার হতে মাশরুম ক্রয়ের প্রাথমিক ক্রেতার হলে পাইকারী বিক্রেতা, রেষ্টুরেন্ট ও অন্যান্য লোকজন।

টেবিল ৪: আশিকার আউটলেট সেন্টারের আয়ের বিবরণী ২০১০

উৎপাদন	বাৎসরিক উৎপাদন	খরচ (টাকা)	আয় (টাকা)	লাভ (টাকা)
বীজ	৩৬,০০০ বীজ প্যাকেট	৫৯৪,০০০	৬৪৮,০০০	৫৪,০০০
মাশরুম	৩,০০০ কেজি	৭৫,০০০	৪৮০,০০	৪০৫,০০০

বাইরের সীমিত সহায়তাসহ আউটলেট সেন্টার হতে প্রাপ্ত লভ্যাংশ আশিকার পরিচালন ব্যয় মেটানোর ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এটি মাশরুম সেন্টার এবং আউটলেট সেন্টার ও বীজ উৎপাদন ল্যাবের সাথে পূর্ণকালীন সময়ের জন্য কর্মরত ৮ জন কর্মচারীর মাসিক বেতন পরিশোধে সাহায্য করেছে। আশিকার পরিকল্পনা হলো আউটলেট সেন্টার সম্প্রসারণ করা এবং মধ্যস্বত্বভোগীদের সরিয়ে দিয়ে উচ্চমূল্যে মাশরুম বিক্রির লক্ষ্যে মাশরুম চাষীদের জন্য একটি উপায়ের ব্যবস্থা করা।

বাজার সংযোগ

এছাড়াও মাশরুম উৎপাদনকারীদের সাথে যোগাযোগ প্রতিষ্ঠার জন্য স্থানীয় ব্যবসায়ী ও ব্যবসার সাথে সংশ্লিষ্টদের নিয়ে আশিকা সভা করে। মাশরুম উৎপাদনকারীদের কাছ থেকে উচ্চতর পাইকারী দামে যাতে মাশরুম সংগ্রহ ও বিক্রি করা যায় সেজন্য কিছু সংখ্যক ব্যবসায়ী আশিকার সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে যাচ্ছে। এতে মাশরুম উৎপাদকারীরা যাতে তাদের প্রচেষ্টার বিনিময়ে আরো বেশি উপার্জন করতে পারে এবং পরিবহন ব্যয় হ্রাস পায় তা নিশ্চিত হয়। এছাড়া স্থানীয় ব্যবসায়ীরাও বেশি আয় করে লাভবান হচ্ছে। পাশাপাশি এটি পার্বত্য চট্টগ্রামে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে। আশিকার প্রত্যাশা, মাশরুম উৎপাদন ও চাহিদা যেমন বৃদ্ধি পাচ্ছে তাতে স্থানীয় ব্যবসায়ীদের সাথে যোগাযোগ বৃদ্ধি পাবে।

ঔষধী গাছের চাষ

অসাথোয়াই মারমা, সাধন বিকাশ চাক্‌মা, ইকো-ডেভেলপমেন্ট

ইকো-ডেভেলপমেন্ট

ইকো-ডেভেলপমেন্ট হলো একটি অরাজনৈতিক, অলাভজনক ও স্বেচ্ছাসেবী সংস্থা। এটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের এনজিও বিষয়ক ও সমাজ সেবা অধিদপ্তরের নিবন্ধিত সংস্থা।

সংস্থার লক্ষ্য হলো শান্তিপূর্ণ সমাজ প্রতিষ্ঠা যেখানে বৈষম্য, নির্যাতন, দারিদ্র্য থাকবে না কিন্তু থাকবে সকলের প্রতি শ্রদ্ধা ও মর্যাদা। ইকো-ডেভেলপমেন্ট জনগণ উন্নয়নের জন্য ক্ষমতায়ন, মানবাধিকার শিক্ষা, স্থানীয় সরকার শক্তিশালী করণ, প্রাথমিক স্বাস্থ্য সেবা, শিশু ও বয়স্ক শিক্ষা এবং মানব সম্পদ উন্নয়ন, ইত্যাদি বিভিন্ন কম্পোনেন্ট-এর উপর দীর্ঘ বৎসর যাবৎ পার্বত্যঞ্চলে কাজ করে আসছে। সংস্থাটি জনগণের সম্পৃক্ততা ও তাদের অধিকতর সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে পার্বত্যঞ্চলের জনগণের স্থায়িত্বশীল উন্নয়ন নিশ্চিত করতে আগ্রহী।

ঔষধী গাছ-গাছরা চাষের যৌক্তিকতা

পার্বত্য চট্টগ্রামে নানাবিধ ও অনন্য ঔষধী গাছ এবং গুল্মাদি রয়েছে যেগুলোর টেকসই আয়বৃদ্ধিমূলক কার্যক্রম হিসেবে চাষ হতে পারে। ঔষধী গাছ-গাছার স্থানীয় ও জাতীয় পর্যায়ে ভালো বাজার আছে। স্থানীয় পর্যায়ে আদিবাসী জনগোষ্ঠী জটিল নয় এমন রোগের চিকিৎসায় ঔষধী গাছ-গাছরা ব্যবহার করে আসছে এবং এভাবে ভেষজ ঔষধের দীর্ঘ ঐতিহ্য প্রতিষ্ঠা করেছে। (পরিশিষ্ট সারণী ১০ এ দ্রষ্টব্য)। পার্বত্য চট্টগ্রামে ভেষজ ঔষধ ব্যবহারকারীগণ “বৈদ্য” নামে পরিচিত যারা আদিবাসী জনগোষ্ঠীর অ-জটিল রোগের চিকিৎসায় সেবা প্রদান ও যত্ন নেওয়ার ক্ষেত্রে ঔষধী গাছ-গাছরা ব্যবহার করে থাকেন। স্থানীয় বৈদ্য সমিতির হিসাবে ১০ হাজার বৈদ্য এবং ৫ হাজার সহকারী ভেষজ ঔষধ নিয়ে চর্চা করছেন। জাতীয় পর্যায়ে ঔষধী গাছ-গাছার প্রচুর চাহিদা রয়েছে যা প্রসাধনী সামগ্রী থেকে শুরু করে স্বাস্থ্য চিকিৎসার জন্য বিভিন্ন দ্রব্য উৎপাদনে ব্যবহৃত হচ্ছে। বাংলাদেশ ভিত্তিক কতিপয় বড় বড় ম্যানুফেকচারিং ও ফার্মাসিউটিক্যাল কোম্পানি যেমন-ইউনিলিভার, এ্যাক্সিম, স্কয়ার ফার্মাসিউটিক্যাল লিমিটেড, অপসোনিং, ESKAYEE (SK+F) বাংলাদেশ লিমিটেড তাদের চাহিদা মেটানোর জন্য অন্য দেশের সরবরাহের উপর নির্ভরশীল। স্কয়ার ফার্মাসিউটিক্যাল প্রতিনিধির সাথে আলোচনায় জানা গেছে যে, বাংলাদেশে বৎসরে শুধুমাত্র বাসক পাতার চাহিদা ৪০ হাজার টন।

এত চাহিদা সত্ত্বেও পার্বত্য চট্টগ্রামে বাণিজ্যিকভাবে ঔষধী গাছ-গাছার চাষ তেমন ব্যাপক নয়। অধিকন্তু, ভূমির ক্ষয় ও বনভূমি উজারের ফলে ঔষধী গাছ-গাছার সহজলভ্যতাও হ্রাস পাচ্ছে। ঔষধী গাছের চাষ শুধুমাত্র একটি কার্যকরী আয়বৃদ্ধিমূলক কার্যক্রম নয়, পার্বত্য চট্টগ্রামের জীব-বৈচিত্র্য সংরক্ষণ ও ভেষজ ঔষধী ব্যবস্থার দীর্ঘ ঐতিহ্য বজায় রাখার জন্যও গুরুত্বপূর্ণ।

দুঃচাইং মারমার বয়স ৭০ বছর এবং তিনি ৩৫ বছর ধরে বৈদ্যের কাজ করছেন। তিনি স্মরণ করছেন যে, ১৫ বছর আগেও ঐতিহ্যবাহী চিকিৎসায় ব্যবহৃত ঔষধী গাছ-গাছরা গ্রামের কাছে পাহাড়ের পাদদেশে, বনে ও নদীর ধারে পাওয়া যেতো। অতীতে তিনি খুব সহজেই চিকিৎসার জন্য প্রয়োজনীয় ঔষধী গাছ-গাছরা সংগ্রহ করতে পারতেন। তিনি বলেন “বনজ চিকিৎসায় আমাদের নৈপুণ্যের জন্য আমরা জনগণের কাছে সম্মানিত ছিলাম। ইদানিং গাছ কাটা ও বাণিজ্যিক বনায়নের কারণে ঔষধী গাছ-গাছার প্রাথমিক উৎস বন ধ্বংস হচ্ছে।” এভাবে ঔষধী গুল্মের সহজলভ্যতা হ্রাস পাওয়ার ফলে পুরাতন বৈদ্যদের ঐতিহ্যবাহী



বৈদ্যের পেশায় সক্রিয়-
মিঃ দুঃচাইং মারমা, ইনরাদং, বান্দরবান

চিকিৎসা শাস্ত্রের চর্চার সামর্থ্য সীমিত হয়ে পড়েছে। তবে তিনি জানান, ইকো-ডেভেলপমেন্ট বাণিজ্যিক উদ্দেশ্যে ঔষধী গাছ-গাছার বাগান করায় এগুলো আবার পাওয়া যাচ্ছে। ঔষধী গাছের বাগান করায় আমি খুব খুশি হয়েছি। এখন সহজে ও কম মূল্যে চিকিৎসা সেবা দিতে পারছি। ঔষধী চারা গাছের বাগান হতে ৮ ধরনের গাছ-গাছরা যেমন-বাসক, ঘৃত কুমারী, কালো মেঘ, ভূইকুমরা, পাথরকুচি, সর্পগন্ধা, ছোটমালি, আশ্রবগন্ধা সংগ্রহ করেছি। প্রকল্পটি আমাদের ঐতিহ্য ধরে রাখা এবং আমাদের ভবিষ্যতের জন্য ঔষধী গাছ-গাছার সংরক্ষণের ব্যাপারটি নিশ্চিত করেছে।

প্রকল্প কার্যক্রম -

ঔষধী গাছ-গাছার চাষ

সক্ষমতার উন্নয়ন

বাণিজ্যিকভাবে ঔষধী গাছ-গাছার চাষের ক্ষেত্রে পার্বত্য চট্টগ্রামের সংস্থাগুলোর অভিজ্ঞতা সীমিত। সচেতনতা বৃদ্ধি এবং প্রশিক্ষণ সংগঠনের জন্য ইসিমোড স্থানীয় বেসরকারী উন্নয়ন সংস্থা এবং সুইস আন্তর্জাতিক এনজিও ইন্টারকর্পোরেশনের সাথে কাজ করছে। স্থানীয় সহযোগী সংস্থাগুলোকে নাটোরের ঔষধী গাছের গ্রামে এ্যাক্সপোজার সফর ও শক্তিশালী যোগাযোগ স্থাপনের জন্য নেয়া হয়েছিল। যারা ঔষধী গাছ-গাছার চাষ করছে তাদের জন্য ঔষধী গ্রামটি একটি গুরুত্বপূর্ণ রিসোর্স সংস্থায় পরিণত হয়েছে এবং পার্বত্য চট্টগ্রামে প্রকল্প এলাকায় সফরে গিয়ে রিসোর্স সংস্থাটি চাষীদের এ বিষয়ে উন্নয়নের জন্য পরামর্শ দিচ্ছে।

প্রশিক্ষণ ও এক্সপোজার সফর ছাড়াও ইসিমোড স্থানীয় সহযোগী সংস্থা যেমন-ইকো-ডেভেলপমেন্টকে ঔষধী গাছ-গাছার নার্সারী প্রতিষ্ঠায় সাহায্য করেছে যাতে গ্রামবাসীরা বীজ এবং চারাগাছের স্থানীয় উৎস হিসেবে এগুলোকে পেতে পারে। নার্সারীগুলো স্থানীয় চাষীদের কাছে চারা বিক্রি করে এবং এভাবে তারা তাদের দৈনন্দিন পরিচালন ব্যয় মিটাতে সক্ষম হয়। এছাড়াও নার্সারী পরিদর্শনের সময় কৃষকদেরকে তাৎক্ষণিক প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রকল্প শেষ হলে নার্সারীগুলো স্থানীয় সেই সব পরিবারদের কাছে হস্তান্তর করা হয়েছে যারা তাদের আয় বাড়াতে এ নার্সারীগুলোতে কাজ করতে সক্ষম। ঔষধী গাছের নার্সারীর উন্নয়নের ফলে বাইরের বিভিন্ন উৎস ও জঙ্গল হতে বীজ ও চারাগাছ সংগ্রহের জন্য নির্ভরশীলতা কমে যায়। গ্রামবাসীরা ঔষধী গাছ-গাছার বীজ ও চারা গাছ বিক্রি করে তাদের উপার্জন বৃদ্ধি করতে সক্ষম হয়েছে। (সারণী ৬ এ দ্রষ্টব্য)।



মিঃ মং প্রুং খোয়াই মারমা
কামলং পাড়া, রাজভিলা ইউনিয়ন, বান্দরবান

এক্সপোজার সফরের অংশ হিসেবে মিঃ মং প্রুং খোয়াই মারমার সুযোগ হয়েছিল ভারতের পশ্চিম গারো পাহাড়ের বিভিন্ন আয়বৃদ্ধিমূলক প্রকল্প পরিদর্শনের। তিনি সেখানে কমলা, ঝিবেরী, চা, কফি এবং ঘৃতকুমারীর মত ঔষধী গাছ-গাছার বাগান দেখেছেন। ফিরে এসে তিনি পার্বত্য চট্টগ্রামে সক্রিয়ভাবে ঔষধী গাছ-গাছার মত নতুনত্ব আছে এমন আয়বৃদ্ধিমূলক কার্যক্রমের উন্নয়নে ব্রতী হলেন। তিনি ঘৃতকুমারী চাষের উপর মনোনিবেশ করলেন এবং একটি সহযোগী উন্নয়ন সংস্থা হতে দশ হাজার চারা কিনতে সমর্থ হলেন। এক্সপোজার সফরের ফলে এ অঞ্চলের পাহাড়ের অন্যান্য কমিউনিটিগুলোতে বিকল্প জীবিকার কৌশল সম্পর্কে উপলব্ধি বেড়েছে।

প্রশিক্ষণ

প্রকল্পের মাধ্যমে ঔষধী চারা গাছের উপর মোট ১,০৯০ জন কৃষককে প্রশিক্ষণ দেয়া হয়েছিল। প্রশিক্ষণের ফলে নার্সারী থেকে বীজ ও চারা গাছ সংগ্রহে পার্বত্য চট্টগ্রামের স্থানীয় উন্নয়ন সংস্থাগুলোর অভিজ্ঞতা সহজতর হয়েছে। ঔষধী গাছ-গাছার বাজার সম্ভাবনাকে বিবেচনায় রেখে চাষীরা অতিরিক্ত আয় উপার্জনের লক্ষ্যে তাদের নিজস্ব নার্সারী অথবা ঔষধী চারা রোপনে প্রাপ্ত প্রশিক্ষণ ব্যবহারে সক্ষম হয়েছে। একটি বাসক বাগানের উদাহরণ থেকে দেখা যায় যে, ঔষধী গাছ-গাছার চাষে প্রাথমিক ব্যয় বেশি হলেও পরবর্তী দুই বছরের মধ্যে এ অর্থ ফেরত পাওয়া যায়। (সারণী ৫ এ দ্রষ্টব্য)।

টেবিল ৫: বাসক চাষে মোট বিনিয়োগ ও লাভের হিসাব (প্রতি একরে)

কার্যক্রমসমূহ ও উপাদান	বিনিয়োগ ও প্রাপ্ত আয় (টাকা)							
	১ম বছর		২য় বছর		৩য় বছর		৪র্থ বছর	
	বিনিয়োগ	প্রাপ্ত আয়	বিনিয়োগ	প্রাপ্ত আয়	বিনিয়োগ	প্রাপ্ত আয়	বিনিয়োগ	প্রাপ্ত আয়
রোপণের জন্য জমি প্রস্তুতকরণের খরচ	৩,০০০							
বীজ এবং চারা গাছ	১০,০০০			২০,০০০		৪০,০০০		৫০,০০০
চারা রোপনের খরচ	২,০০০		২,০০০		২,০০০		১,৫০০	
আগাছা পরিষ্কার	২,০০০		২,০০০		৩,০০০		৪,০০০	
দেখাশুনার খরচ	১৫,০০০		১৭,০০০		২০,০০০		২৪,০০০	
ফসল সংগ্রহ ও প্রক্রিয়াকরণ খরচ	২,০০০	৭,০০০	৩,০০০	৮,০০০	৩,০০০	১০,০০০	৩,৫০০	১৯,০০০
মোট	৩৪,০০০	৭,০০০	২৪,০০০	২৮,০০০	২৮,০০০	৫০,০০০	৩৩,০০০	৬৯,০০০
লাভ		(২৭,০০০)		৪,০০০		২২,০০০		৩৬,০০০

আয় বাড়তে ও উৎপাদনে বৈচিত্র্য আনতে বেশির ভাগ চাষী তাদের ফার্মে একাধিক ঔষধী চারা রোপণ করেছে। ২০০৯ সালে এক মৌসুমে শুধুমাত্র পার্বত্য চট্টগ্রামে দুই লক্ষের বেশি বিভিন্ন ধরনের ঔষধী গাছের বীজ ও চারা গাছ রোপণ করা হয়েছে। (সারণী ৬ এ দ্রষ্টব্য) এগুলো বিভিন্ন প্রকারের ঔষধী গাছের চারা ও গুলোর প্রতীক যা জীবিকার্জনে এবং পার্বত্য চট্টগ্রামের জীব-বৈচিত্র্য সংরক্ষণে সাহায্য করে।

টেবিল ৬: ঔষধী চারা গাছের বাগান (ক্রমপুঞ্জিভূত)

ঔষধী গাছের নাম	বীজ ও চারা গাছের সংখ্যা			
	রাক্ষমাটি	বান্দরবান	খাগড়াছড়ি	মোট
সর্পগন্ধা	৪,০০০	১,০০০	১,১০০	৬,১০০
সাতামুলি	১,০০০	৩,০০০	-	৪,০০০
এলোভেরা	১২,০০০	১২০,০০০	২৩,৩০০	১৫৫,৩০০
অশ্বগন্ধা	-	২,০০০	-	২০০০
ক্যাশনাট	-	১,০০০	-	১০০০
আমলকি	৩৫	৫০	৫০০	৫৮৫
বহেরা	৫৭	৫৫	৩০০	৪১২
হরিতকি	৬৫	৩০	২০০	২৯৫
নিম	৩০	১,০০০	৫০	১,০৮০
তুলসি	১,২০০	-	৫০০	১,৭০০
হস্তিকর্ণ পলাশ	৩৭৫	১১০	১৫০	৬৩৫
রাজা আমিলা	১০	-	-	১০
বাসক	৭,০০০	১০,০০০	৩০০	১৭,৩০০
উলোটকমল	১০	৫০	-	৬০
বাইসাতাল	৫০০	৩০	১৫০	৬৮০
কালো মেঘ	৬,০০০	৫০০	৩০০	৬,৮০০
ভুইকুমরা	২৫০	৩১	৪০০	৬৮১
মোট	৩২,২৩২	১,৩৮,৮৫৬	২৭,২৫০	২,০৪,৬৩৮

মিঃ বাহা উ মারমা বিভিন্ন জায়গায় মৌসুমী কাজ করে ৪ সদস্য বিশিষ্ট পরিবারের খরচ চালিয়ে আসছিলেন। তিনি ফসলের ক্ষেত ও বাগানে প্রতি মাসে ১৬-১৮ দিন করে বছরে ৬-৭ মাস দিনমজুর হিসেবে কাজ করে থাকেন। যে কয়েক মাস তিনি কাজ করেন তাতে তাঁর মাসিক আয় ২৫০০/- হতে ২৬০০/- টাকার মধ্যে সীমাবদ্ধ ছিলো। পরিবারের খরচ মেটাতে তাকে রীতিমত হিমসিম খেতে হতো। ২০০৯ সালে তিনি ইকো-ডেভেলপমেন্ট থেকে ঔষধী গাছের উপর একটি প্রশিক্ষণ নেন, বিশেষ করে নার্সারী করার উপর। তিনি এখন ঔষধী গাছের চাষের উপর গুরুত্ব দিয়ে তার বেশির ভাগ সময় ব্যয় করছেন যাতে তাঁর সারা বছরের উপার্জন নিশ্চিত করতে পারেন। এখন তাঁর মাসিক আয় ৫০০০/- টাকা এবং অন্যের নার্সারিতে মাসে কয়েকদিন কাজ করে তিনি অতিরিক্ত ১০০০/- থেকে ২০০০/- টাকা আয় করছেন। বাড়তি আয়ের ফলে তাঁর পরিবারের জীবন-যাত্রার মান উন্নত হয়েছে এবং জীবিকার নিরাপত্তাও খানিকটা নিশ্চিত হয়েছে।



বাহা উ মারমা, নীচের উদলবুনিয়া পাড়া, বান্দরবান

আউটলেট সেন্টার - ইকো-ডেভেলপমেন্ট

ইকো-ডেভেলপমেন্ট বান্দরবানে ২টি আউটলেট সেন্টার প্রতিষ্ঠা করেছে। একটি জেলা পর্যায়ে প্রধান বাজার এলাকায় এবং অন্যটি ইউনিয়ন পর্যায়ে। ইকো-ডেভেলপমেন্ট আউটলেট সেন্টারকে পার্বত্য চট্টগ্রামে ঔষধী গাছ-গাছার রিসোর্স সেন্টারে উন্নীত করার পরিকল্পনা করছে। প্রশিক্ষণ ও নির্দেশনার পাশাপাশি ইকো-ডেভেলপমেন্টের আউটলেট সেন্টার ঔষধী গাছ-গাছরা চাষে আগ্রহী ব্যক্তিদেরকে প্রয়োজনীয় সামগ্রী সরবরাহ করেছে। এছাড়াও কৃষকদের উৎপাদিত ঔষধী গাছ-গাছার চারা অন্যান্য ক্রেতার না কিনলেও যাতে আউটলেট সেন্টারে সেগুলো তারা বিক্রি করতে পারে এটি তার নিশ্চয়তা দেয়। বড় বড় উৎপাদনকারী কোম্পানি ও বাইরের ব্যবসায়ীরাই ঔষধী গাছ-গাছার প্রধান ক্রেতা এ বিবেচনা থেকে আউটলেট সেন্টার হলো চাষীদের জন্য একটি গুরুত্বপূর্ণ লেনদেনের যোগাযোগ কেন্দ্র বিন্দু, অবশ্য যখন চাষীদের সামনে পণ্য বিক্রির জন্য সরাসরি কোন উপায় ও অভিজ্ঞতা থাকে না।

বাজার সংযোগ

উৎপাদিত পণ্যের স্থিতি-বাজার নিশ্চিত করার জন্য শক্তিশালী বাজার যোগাযোগের উপর ঔষধী গাছ-গাছার চাষের স্থায়ীত্ব নির্ভরশীল। স্থানীয় উন্নয়ন সংস্থা যেমন-ইকো-ডেভেলপমেন্ট এর সক্ষমতা সৃষ্টির জন্য আগ্রহী সুবিধাভোগীদের সাথে যোগাযোগ ও অংশীদারিত্ব প্রতিষ্ঠা করতে প্রকল্পটি গুরুত্ব দিচ্ছে। এটি স্থানীয় বৈদ্য ও পাইকারী বিক্রেতাদের সঙ্গে যারা ঔষধী গাছ-গাছার উপর কাজ করেন তাঁদের মধ্যে একটি শক্তিশালী নেটওয়ার্ক তৈরী করেছে।

নাটোরের ঔষধী গ্রাম পার্বত্য চট্টগ্রামের উৎপাদনকারী এবং ক্রেতাদের (ফার্মাসিউটিক্যাল কোম্পানী) মধ্যে যোগাযোগ সহজতর করেছে। ৬০টি পাইকারী ও খুচরা দোকান এবং ৬টি ফার্মাসিউটিক্যাল কোম্পানী রয়েছে যারা পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য পার্টনার হতে উৎপাদিত দ্রব্য ক্রয় করছে।

এছাড়াও ইকো-ডেভেলপমেন্ট স্কার ফার্মাসিউটিক্যাল কোম্পানির সাথে বিগত ২০১০ সালে বাসক ও কালোমেঘ সরবরাহের জন্য চুক্তি স্বাক্ষর করেছে। বাসক ও কালোমেঘের সরবরাহ সাম্প্রতিক সময়ে সীমিত হলেও সময়ের পরিক্রমায় ও লক্ষিত বিনিয়োগের ফলে এ পরিমাণ আরও বাড়বে। শ্রী কুন্ডেশরী ঔষধালয় হল আরেকটি কোম্পানি যার সাথে ইকো-ডেভেলপমেন্ট ঔষধী গাছ-গাছা বিক্রির জন্য চুক্তির লক্ষ্যে আলোচনা চালাচ্ছে।

মৌমাছি প্রতিপালন

রাজিৰ চাকমা, ইকো চাকমা, নিকন চাকমা, পাজুরিকো

পাজুরিকো

পাজুরিকো একটি অরাজনৈতিক, অলাভজনক উন্নয়ন সংস্থা। সংস্থাটি গত ২০০০ সনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের এনজিও বিষয়ক ও সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। সংস্থাটি ধর্ম ও বর্ণ নির্বিশেষে পার্বত্য চট্টগ্রামের অপ্রতুল সেবা কিংবা একেবারেই সেবা বঞ্চিত জনগোষ্ঠীর জীবনধারণের ইতিবাচক পরিবর্তন আনয়নের লক্ষ্যে অবহেলিত অসহায় জনগণের পূর্ণবাসন, প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ সংরক্ষণ নিয়ে কাজ করে।

এ উদ্দেশ্যে পাজুরিকো চাহিদা ভিত্তিক উন্নয়নের উপর ব্যাপক কার্যক্রম চালিয়ে যাচ্ছে। তার মধ্যে আছে জনগণের মাঝে তথ্য সরবরাহ ও প্রচার, প্রাকৃতিক সম্পদ ও পরিবেশ সংরক্ষণ ও তার যথাযথ ব্যবহার এবং যথাসম্ভব জীব-বৈচিত্র্যের ভারসাম্য রক্ষায় প্রয়াস অব্যাহত রাখা।

মৌমাছি প্রতিপালনের যৌক্তিকতা

পার্বত্য চট্টগ্রামে মৌমাছি প্রতিপালন অপেক্ষাকৃতভাবে একটি নতুন আয়বৃদ্ধিমূলক কার্যক্রম। কিন্তু প্রকল্পের এ স্বল্প সময়ে এটি একটি বাস্তবায়নযোগ্য জীবিকার কৌশলে পরিণত হয়েছে। পার্বত্য চট্টগ্রামে স্থানীয় ও জাতীয় উভয় ক্ষেত্রে মধু এবং তৎসংশ্লিষ্ট দ্রব্যের যথেষ্ট চাহিদা রয়েছে। এটি মৌমাছি প্রতিপালনে নিয়োজিত পরিবারের আয় নিশ্চিত করে। উপরন্তু, জুম চাষের মত ঐতিহ্যবাহী কৃষি কাজের সাথে এটি ভালো মানিয়ে যায়। তাছাড়া মৌমাছি কোলনিকে সহজেই স্থানান্তর করা যায় এবং এর জন্য অল্প জমির মালিকানা প্রয়োজন।

প্রকল্প কার্যক্রম-মৌমাছি প্রতিপালন

সক্ষমতার উন্নয়ন

প্রকল্পের প্রথমদিকে মৌমাছি প্রতিপালন শুরু হয়েছিল। ইসিমোড স্থানীয় সংস্থাসমূহের জন্য প্রশিক্ষণ ও এক্সপোজার সফরের আয়োজন করে। ইসিমোড সংস্থার কর্মীদের জন্য ব্যাপক প্রশিক্ষণের আয়োজন করে যাতে তারা জনগোষ্ঠিকে প্রয়োজনীয় সহায়তা দিতে পারে। ইসিমোড বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিএসসিআইসি) এর সাথে স্থানীয় সংস্থার মধ্যে যোগাযোগ করে দেয়। এছাড়াও, ইসিমোড স্থানীয়ভাবে প্রয়োজনীয় সরঞ্জামাদি তৈরীতে স্থানীয় সংস্থাসমূহের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে। প্রথমদিকে বাস্তুগোষ্ঠী আনা হতো বাংলাদেশের সাভার হতে কিন্তু পরবর্তীতে প্রকল্পের অধীনেই স্থানীয় সংস্থা, কাঠমিস্ত্রি ও দর্জীদের নিয়ে মৌচাক-বাস্তু ও সংশ্লিষ্ট সরঞ্জামাদি তৈরী করা হয়েছে। তিনটি স্থানীয় সংস্থার আউটলেট সেন্টারে এ সরঞ্জামাদি বিক্রি করা হয়। এছাড়াও প্রকল্পের সহায়তায় বাংলায় গাইডলাইন পুস্তক বিশেষ করে “বিকিপিং ট্রেনারস্” রিসোর্স বই এবং সংক্ষিপ্ত পরিচিতিমূলক প্রচারপত্র বের করা হয়েছে।

প্রশিক্ষণ

প্রকল্প সময়কালে তিন জেলায় মোট ৫২৪ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে (সারণী ৮ এ দ্রষ্টব্য)। প্রশিক্ষণগুলো পাড়া উন্নয়ন কমিটি এবং মৌমাছি প্রতিপালনের উপর আগ্রহী ব্যক্তিদের দেয়া হয়েছিল। মৌমাছি প্রতিপালনে আগ্রহী ব্যক্তিদের মৌচাক বাস্তু প্রদানসহ জঙ্গল থেকে মৌ-কোলনি সংগ্রহ করতে স্থানীয় টেকনিসিয়ানদের দ্বারা

সাহায্য করা হয়েছিল। এছাড়াও কমিউনিটিদের মধ্যে জ্ঞান ও দক্ষতার প্রবাহ নিশ্চিত করতে পার্টনাররা তিন জেলায় ২৭১জন মৌমাছি প্রতিপালককে রিফ্রেশার ট্রেনিং দিয়েছে। প্রকল্প শেষে পার্বত্য চট্টগ্রামে আনুমানিক ৬৯২ প্রশিক্ষণার্থী মৌমাছি কোলনির মালিক হয়েছেন। তার মধ্যে ১১% প্রশিক্ষণার্থীর কমপক্ষে ৩টি কোলনি আছে যা ব্যবসায়িক উদ্যোগের পর্যায়ে উন্নীত হয়েছে (সারণী ৯ এ দ্রষ্টব্য)। স্থানীয় পার্টনারদের এক হিসাবে দেখা যায় যে, ২০০৯ সালের শেষে আগ্রহী মৌমাছি প্রতিপালকরা মোট ১৪০০টি মৌমাছি কোলনি বসিয়েছে, যারা জ্ঞান ও দিক নির্দেশনার ক্ষেত্রে প্রকল্পের প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা লাভে সমর্থ হয়েছে।

টেবিল ৭: মৌমাছি প্রতিপালন প্রশিক্ষণ (ক্রমপুঞ্জিভূত)

জেলা	২০০৮						২০০৯						মোট		
	কোয়ার্টার-১		কোয়ার্টার-২		কোয়ার্টার-৩		কোয়ার্টার-৪		কোয়ার্টার-৫		কোয়ার্টার-৬				
	পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা	মোট
রাঙ্গামাটি	১৫	১	০	০	৫২	২১	৩৩	১৭	৮	১৮	১২	১১	১২০	৬৮	১৮৮
বান্দরবান	০	০	১০	১০	৭৯	২১	০	০	০	০	৩৫	১১	১২৪	৪২	১৬৬
খাগড়াছড়ি	০	০	৭	১৩	৪৩	৭	২৯	২১	০	০	৪৪	৬	১২৩	৪৭	১৭০
মোট	১৫	১	১৭	২৩	১৭৪	৪৯	৬২	৩৮	৮	১৮	৯১	২৮	৩৬৭	১৫৭	৫২৪

টেবিল ৮: পার্বত্য চট্টগ্রামে মৌমাছি প্রতিপালনের বর্তমান অবস্থা (ক্রমপুঞ্জিভূত)

জেলা	মোট প্রশিক্ষণপ্রাপ্ত মৌমাছি প্রতিপালক	মৌমাছি প্রতিপালনের অগ্রগতি					মোট মৌমাছি কোলনি
		১টি কোলনি আছে	২টি কোলনি আছে	৩টি কোলনি আছে	৩টির বেশি কোলনি আছে	মোট পরিবার	
রাঙ্গামাটি	১৮৮	৪৪	২৫	৯	৭	১৮৫	১৫৮
বান্দরবান	১৬৬	৬৭	৩২	১০	১৩	১৪২	২২০
খাগড়াছড়ি	১৭০	৪০	৩০	৫০	৬০	১৬০	৩১৪
মোট	৫২৪	১৫১	৮৭	৬৯	৮০	৪৮৭	৬৯২



রেস্মা মারমা, বেতছড়ি, খাগড়াছড়ি

মিঃ রেস্মা মারমা একজন কৃষক। মৌমাছি প্রতিপালনের উপর কারিগরি দক্ষতা ও জ্ঞানের অভাবের কারণে তিনি মৌমাছি প্রতিপালন করেও সফল হন না। পাজুরিকো কর্তৃক আয়োজিত একটি প্রশিক্ষণে অংশগ্রহণ করে তিনি তাঁর দক্ষতার উন্নয়ন করতে সক্ষম হয়েছেন। এখন তিনি উৎপাদনযোগ্য ১০টি মৌমাছি কোলনির মালিক। ৬টি কোলনি হতে তিনি ৪৭ কেজি মধু পেয়েছেন এবং প্রতি কেজি ৫০০-৬০০ টাকায় বিক্রি করেছেন। তিনি বৎসরে ২০,০০০/- টাকা আয় করতে সক্ষম হয়েছেন এবং এ অর্থ তিনি তাঁর ছেলের লেখাপড়ার পেছনে ব্যয়

করেছেন। তাঁর এ অভিজ্ঞতা তাঁদের সম্প্রদায়ের অন্যান্য পরিবারগুলোকে মৌমাছি প্রতিপালনে উদ্বুদ্ধ করেছে। “অনেকই এখন মৌমাছি প্রতিপালনে আগ্রহী এবং আমার লাভের অভিজ্ঞতা তাদের খুবই উৎসাহিত করেছে। আমি আমার মৌমাছি প্রতিপালন ব্যবসা সম্প্রসারণ করতে চাই।”

আউটলেট সেন্টার-পাজুরিকো

পাজুরিকোর খাগড়াছড়ি জেলার আউটলেট সেন্টার মৌমাছি প্রতিপালকদের জন্য সরঞ্জামাদি ও কারিগরী সহায়তা প্রদান করে। এছাড়া মধু বিক্রিতেও সাহায্য করে থাকে। পার্বত্য চট্টগ্রামে স্থাপিত অন্যান্য আউটলেট সেন্টারের মত এখানেও মৌমাছি প্রতিপালকদের কাছ থেকে মধু কিনে নেয়ার নিয়ম/নীতি রয়েছে। এতে এটি নিশ্চিত হয় যে, তারা মধুর ভালো দাম পেতে পারে। এছাড়াও পার্টনার সংস্থাগুলো কর্তৃক কিছু পরিমাণ মধু বোতলজাত করা হয়। এতে চূড়ান্ত উৎপাদনে মূল্য সংযোজন হয়। আউটলেট সেন্টারের মধু বড় বড় সংস্থার মাধ্যমে বিক্রি হচ্ছে এবং এদের সাথে বাংলাদেশ ইনস্টিটিউট ফর এপি কালচার (BIA) এর সাথে যোগসূত্র রয়েছে।

বাজার সংযোগ

বাংলাদেশের কিছু সংখ্যক প্রতিষ্ঠিত সংস্থার সাথে ইসিমোড ঘনিষ্ঠভাবে কাজ করার কারণে স্থানীয় পার্টনারদের বাজার সংযোগ সহজতর হয়েছে। বাংলাদেশ ইনস্টিটিউট ফর এপি কালচার (BIA) নিশ্চয়তা দিয়েছে যে, উৎপাদন যা-ই হোক না কেন তিনটি স্থানীয় সংস্থা হতে উৎপাদিত সকল মধু তারা ক্রয় করবে। পাজুরিকো বাজার সংযোগ বৃদ্ধির জন্য বিএসসিআইসি (BSCK) এর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে যাচ্ছে।



মায়াদেবী চাকমা, মুনিগ্রাম, খাগড়াছড়ি

প্রকল্পের অংশ হিসেবে মিজ. মায়া দেবী চাকমা পাজুরিকোর মৌমাছি প্রতিপালন সংক্রান্ত প্রশিক্ষণে অংশ নিয়েছিলেন। প্রশিক্ষণের পর তাঁকে একটি মৌ বাস দেওয়া হয়েছিল যেটি তিনি জঙ্গল থেকে সংগৃহীত মৌমাছির কোলনিতে পরিণত করেছেন। মৌমাছি প্রতিপালন সংক্রান্ত উপযুক্ত প্রশিক্ষণ মৌমাছিগুলো যে উৎপাদনক্ষম তা নির্ধারণের বিষয়টিকে নিশ্চিত করে এবং খুব শীঘ্রই তিনি মধু সংগ্রহ করতে সক্ষম হলেন। একটি বাস থেকে তিনি ৯ কেজি পর্যন্ত মধু সংগ্রহ করতে সক্ষম হয়েছেন। প্রথাগত ভেষজ চিকিৎসকগণ (বৈদ্য) কাশি, চর্মরোগসহ আরও অন্যান্য চিকিৎসায় ব্যাপকভাবে মধু ব্যবহার করেন তাই তিনি এক-তৃতীয়াংশ মধু ঘরে রেখে দেন। বাকী মধু ৩,৬০০/- টাকায় বাজারে বিক্রি করে দেন। যাদের বেশির ভাগ উপার্জন আসে কৃষি হতে তাদের জন্য এ অতিরিক্ত আয় খুবই গুরুত্বপূর্ণ। মিজ. মায়া দেবী চাকমা লাভের একটি অংশ মৌমাছি প্রতিপালন কার্যক্রম সম্প্রসারণের জন্য বিনিয়োগ করার কথা ভাবছেন যাতে তিনি পরিবারের খরচ যেমন-ছেলে-মেয়েদের লেখাপড়ার খরচ যোগাতে পারেন।

উপসংহার

পার্বত্য চট্টগ্রামে বিভিন্ন আয়বর্ধনমূলক কার্যক্রম এখানকার লোকদের জীবিকার বিকল্প উপায় পেতে এবং স্থানীয়দের জন্য কাজের সুযোগ সৃষ্টিতে সক্ষম হয়েছে। মাশরুম চাষ, ঔষধী গাছ-গাছার চাষ এবং মৌমাছি প্রতিপালনের ক্ষেত্রে এটি বিশেষভাবে দৃশ্যমান। অনেকে তাদের আয় পুনর্বিনিয়োগের মাধ্যমে আয়বর্ধনমূলক কার্যক্রমের সম্প্রসারণ করে চলেছে এবং জীবিকার্জনের অন্যান্য খাতে এর বিস্তৃতি ঘটছে। এসব পরিবার তাদের অতিরিক্ত আয় স্বাস্থ্য সেবা, শিক্ষা ও নিত্য প্রয়োজনীয় জিনিস ক্রয়ে ব্যয় করছে। জীবিকার্জনের বিকল্প উপায় খুঁজে নেয়ার জন্য অথবা একটা নির্দিষ্ট সময়ের অর্থনৈতিক নিরাপত্তার নিশ্চয়তা পাওয়ার জন্য কিছু নির্দিষ্ট সংখ্যক পরিবার তাদের বাড়তি আয় সঞ্চয় করছে। যারা ব্যক্তিগতভাবে আয়বর্ধনমূলক কর্মকাণ্ডে জড়িত তারা স্থানীয় সহযোগী সংস্থার কাছ থেকে জ্ঞান বৃদ্ধির দিকনির্দেশনাসহ বিভিন্ন উপকরণের অভিজগম্যতার সুযোগ পাচ্ছে। তারা যেমন আউটলেট সেন্টারের মাধ্যমে নিজস্ব উৎপাদিত পণ্য বিক্রি করতে পারে তেমনি সহযোগী পার্টনারদের দিয়েও তাদের নিজেদের উৎপাদিত পণ্য কেনাতে পারে।

প্রকল্পের মেয়াদকালে স্থানীয় সহযোগী সংস্থাগুলো তাদের কর্মকান্ড বাড়ানোর সঙ্গে সঙ্গে তাদের দক্ষতাকেও সমৃদ্ধ করেছে। আশিকা, ইকো-ডেভেলপমেন্ট এবং পাজুরিকো তাদের নিজস্ব তহবিল ব্যবহার করে অথবা দাতা সংস্থার কাছ থেকে অতিরিক্ত তহবিল সংগ্রহ করে তাদের কাজের পরিধি বাড়িয়ে চলছে। আশিকা তাদের মাশরুম ও মাশরুম বীজ বিপণন থেকে প্রাপ্ত আয় আরো বেশি কর্মী নিয়োগ করে তাদের কাজের পরিধি বাড়াতে ব্যবহার করেছে। ইকো-ডেভেলপমেন্ট বান্দরবানে তাদের ঔষধী গাছ-গাছার চাষ সম্প্রসারণের জন্য ডিএফআইডি কর্তৃক সাহায্যপুষ্ট “সিডি” (Shiree) নামের জাতীয় পর্যায়ের একটি বাংলাদেশী সংস্থার কাছ থেকে নতুন তহবিল লাভ করে। এ সব স্থানীয় সংস্থাসমূহ পার্বত্য চট্টগ্রামে তাদের কর্মকান্ড সম্প্রসারণের জন্য একটি আদর্শ প্লাট ফর্ম সৃষ্টিতে এবং কার্যকরভাবে বাজারের সাথে সংযোগ স্থাপনে কাজ করতে পারে।

তবুও বিভিন্ন ধরনের আয়বর্ধনমূলক কর্মকান্ডের দীর্ঘমেয়াদী ও টেকসই উন্নয়নে এখনও অনেক বাধা রয়েছে। তার মধ্যে একটি অন্যতম চ্যালেঞ্জ হচ্ছে বাজার সংযোগ স্থাপনের মাধ্যমে আয়বর্ধনমূলক কার্যক্রম ও তৎসংশ্লিষ্ট পণ্য উৎপাদন সম্প্রসারণ। দ্বিতীয় চ্যালেঞ্জটি হচ্ছে বিভিন্ন ধরনের আয়বর্ধনমূলক কার্যক্রম ও তাদের দীর্ঘ মেয়াদী টেকসই উন্নয়নের উপর পরিবেশ ও প্রতিবেশজনিত চালিকার প্রভাব। এ সব প্রভাব হচ্ছে জলবায়ুর পরিবর্তন, বিশ্বায়ন এবং বাজারের পরিবর্তিত চাহিদা যা পরিবারকে তাদের জীবিকা-সংশ্লিষ্ট বিকল্প কাজের অগ্রাধিকার নিরূপণে বাধ্য করে। যথোপযোগী প্রতিকারমূলক ব্যবস্থার নিশ্চয়তাসহ বিভিন্ন চালিকা শক্তির প্রভাব পরীক্ষা করার জন্য আয়বর্ধনমূলক কার্যক্রমের মূল্যায়ন, নিয়মিত পরিবীক্ষণ ও নিরূপণ করা খুবই গুরুত্বপূর্ণ। এসব চ্যালেঞ্জের পরিপ্রেক্ষিতে স্থানীয় সংস্থাসমূহ যে সুপারিশমালা পেশ করেছে তা তাদের সংস্থার উন্নয়ন ও আয়বর্ধনমূলক কর্মকান্ডের ভবিষ্যত পরিকল্পনার নির্দেশক। প্রকল্পের স্বল্পতম সময়ে ইসিমোড, ইউএনডিপি-সিএইচটিডিএফ এবং স্থানীয় সংস্থাসমূহ তিনটি আয়বর্ধনমূলক কর্মকান্ড বিস্তারে যে সহযোগিতা করেছে তা পার্বত্য চট্টগ্রামের অর্থনৈতিক উন্নয়নে এবং পার্বত্যবাসীদের জীবন ও জীবিকার ক্ষেত্রে নিয়মিত সহায়তা দিয়ে যাবে।

সুপারিশমালা

সাধারণ

আয়বর্ধনমূলক কার্যক্রমের পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং পার্বত্য চট্টগ্রামে জনগণের জীবিকার উপর তার প্রভাব নিরূপণ। পার্বত্য চট্টগ্রামে আয়বর্ধনমূলক কার্যক্রমের মূল্যায়ন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ এই মূল্যায়নের মাধ্যমে দীর্ঘমেয়াদী টেকসই উন্নয়ন এবং এর পরিবর্তন ও ঝুঁকিসমূহকে সনাক্ত করা যাবে। জলবায়ু পরিবর্তনের কারণে আয়বর্ধনমূলক কর্মকান্ডের অভিযোজনের সামর্থ্য এবং ঝুঁকিসমূহ নিরূপণ করা হলে আয়বর্ধনমূলক কার্যক্রম সমূহকে জলবায়ুর পরিবর্তন কাটিয়ে উঠতে সক্ষম করে এবং প্রয়োজনে প্রতিকারমূলক পদক্ষেপ গ্রহণকে উৎসাহিত করে।

সম্ভাব্য প্রতিকারের শৃঙ্খলসমূহকে চিহ্নিত করতে Value chain এর অব্যাহত বিশ্লেষণ। প্রকল্পটি উৎপাদিত বিভিন্ন পণ্যের Value chain এর একটি নির্দিষ্ট স্থলে প্রতিকারমূলক ব্যবস্থা নিতে পেরেছে কিন্তু এর পরেও তার অব্যাহত বিশ্লেষণ ও প্রতিকারমূলক পদক্ষেপ নেয়ার প্রয়োজন রয়েছে। স্থানীয় সহযোগী সংস্থাসমূহকে Value chain এর উপর যে প্রশিক্ষণ দেয়া হয়েছিল তাতে জাতীয় বেসরকারী সংস্থা, আন্তর্জাতিক সংস্থা, ব্যক্তিগত সংস্থা ও সরকারের সহযোগিতায় ভবিষ্যতের প্রতিকারমূলক পদক্ষেপসমূহ সনাক্ত করতে এসব সংস্থাকে সক্ষম করেছে।

মাশরুম চাষ

মাশরুম উৎপাদন সম্প্রসারণে ব্যবসায়ীক উদ্যোগের উন্নয়ন। বাজার এবং মাশরুম উৎপাদকদের মধ্যে আরো বেশি যোগাযোগ বৃদ্ধি করতে স্থানীয় ব্যবসায়ী এবং বাজারের মধ্যস্থতাকারীদের দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ সাহায্য করে।

পার্বত্য চট্টগ্রামে মাশরুম চাষকে উৎসাহিত করার জন্য স্থানীয় বেসরকারী সংস্থার সাথে পার্টনারশীপ এবং সহযোগিতা স্থাপন। স্থানীয় বেসরকারী সংস্থাসমূহের মধ্যে যোগাযোগ পার্বত্য চট্টগ্রামে মাশরুম চাষের জ্ঞান ও কলাকৌশলের দ্রুত বিস্তারে সাহায্য করতে পারে। এ ক্ষেত্রে মাশরুম চাষের জন্য আশিকা একটি রিসোর্স সংস্থা হিসাবে প্রতিষ্ঠা পেয়েছে এবং ন্যায্যমূল্যে জনগোষ্ঠীর জীবিকা উন্নয়নে নিয়োজিত স্থানীয় বেসরকারী সংস্থাগুলোর কাছে মাশরুমের বীজ বিতরণ করতে পারে। বীজ উৎপাদন ল্যাবরেটরি মাশরুম বীজ উৎপাদনের একটি গুরুত্বপূর্ণ স্থানীয় উৎস যা সংগতি ও বিশেষজ্ঞ জ্ঞানের ক্ষেত্রে অভিজ্ঞতার সুযোগ ব্যবহার করে মাশরুম বীজ উৎপাদনের খরচ কমিয়ে দেয়। ফলে এটি মাশরুম বীজ এবং এ সম্পর্কিত পরিসেবার বড় বাজারের নিশ্চয়তা প্রদান করে।

স্থানীয়ভাবে মাশরুম প্রক্রিয়াজাকরণে আগ্রহী পার্টনার ও মাশরুম উৎপাদনকারীদের যোগাযোগ স্থাপনে সহায়তা করা। বাংলাদেশে উৎপাদিত মাশরুমের (শুকনা, গুড়া ও প্যাকেটজাত) চাহিদা অনেক বেশি। খাদ্য প্রস্তুতকারী ব্যবসায়ীদের সাথে যোগাযোগ মাশরুম উৎপাদনকারীদের জন্য বাজার নিশ্চিত করবে যা পার্বত্য চট্টগ্রামে উৎপাদন সম্প্রসারণে সাহায্য করবে।

ঔষধী গাছ-গাছার চাষাবাদ

ঔষধী গাছ-গাছার চাষাবাদ সম্প্রসারণ। বর্তমানে বাশকের যে উৎপাদন, চাহিদা তার চেয়ে অনেক বেশি। ঔষধী গাছ-গাছার চাষাবাদ সম্প্রসারণে পার্বত্য চট্টগ্রামের স্থানীয় সংস্থা সমূহের সামর্থ্য বাড়ানো খুবই গুরুত্বপূর্ণ। পার্বত্য চট্টগ্রামের বীজ এবং চারাগাছের বর্ধিত চাহিদা মিটানোর জন্য বিভিন্ন ধরনের ঔষধী গাছ-গাছার নার্সারী বাড়ানো খুবই প্রয়োজন। এ লক্ষ্যে আনুষঙ্গিক দক্ষতার জন্য প্রশিক্ষণ ও জ্ঞানের হস্তান্তর প্রয়োজন। ঔষধী গাছ-গাছার উৎপাদন বাড়ানোর জন্য উৎসাহী ব্যক্তিবর্গ এবং পরিবারের সদস্যদের জন্য ঔষধী গাছ-গাছার চাষের উপর অব্যাহত দক্ষতার উন্নয়ন প্রশিক্ষণ ও জ্ঞান সম্প্রসারণের প্রয়োজন রয়েছে।

পার্বত্য চট্টগ্রামে ঔষধী গাছ-গাছার চাষীদের সংগঠনের উন্নয়ন। পার্বত্য চট্টগ্রামে ঔষধী গাছ-গাছার উৎপাদনকারী চাষীদের সংগঠিত ও সমন্বিত করতে পারলে তা পণ্যের বাজার সৃষ্টিতে সুযোগ সৃষ্টি করতে পারে। ইকো-ডেভেলপমেন্টের অভিজ্ঞতায় দেখা যায়, ঔষধ প্রস্তুতকারী এবং প্রক্রিয়াজাতকারী কোম্পানীদের মধ্যে ঔষধী গাছ-গাছার প্রচুর চাহিদা আছে যার জন্য চাষীদের মধ্যে সমন্বয়ের দরকার রয়েছে। ঔষধী গাছ-গাছার উৎপাদনকারী চাষীদের জন্য একটি সংগঠন প্রতিষ্ঠা তাদেরকে চাহিদা মেটানোর জন্য তাদের উৎপাদিত পণ্য যৌথভাবে বিক্রি করতে সক্ষম করবে।

বাংলাদেশে ঔষধী গাছ-গাছার স্টেকহোল্ডারদের মধ্যে যোগাযোগ সহজতর করা। বাংলাদেশে ফার্মাসিউটিক্যাল ও ঔষধ প্রক্রিয়াজাতকারী কোম্পানী থেকে শুরু করে ছোট-খাট কবিরাজ ও বৈদ্য পর্যন্ত বিভিন্ন ধরনের স্টেকহোল্ডাররা ঔষধী গাছ-গাছার প্রতি আগ্রহী। দীর্ঘমেয়াদী সরবরাহ, টেকসই উন্নয়ন ও বাজার সম্প্রসারণের জন্য এসব সংস্থাদের মধ্যে যোগাযোগ এবং সংযোগ বৃদ্ধির জন্য আলাপ-আলোচনা চালিয়ে যাওয়া খুবই গুরুত্বপূর্ণ।

মৌমাছি প্রতিপালন

পার্বত্য চট্টগ্রামে মৌমাছি প্রতিপালনকারী সংগঠনের উন্নয়ন। পার্বত্য চট্টগ্রামে মৌমাছি প্রতিপালনকারীদের সংগঠিত ও সমন্বিত করার মাধ্যমে স্থানীয় জ্ঞান ও দক্ষতা স্থানান্তরের সুযোগ সৃষ্টি করা যায়। পার্বত্য চট্টগ্রামে মৌমাছি প্রতিপালনের স্থায়ীত্ব ও সম্প্রসারণের লক্ষ্যে মৌচাকের সুষ্ঠু পরিচর্যা নিশ্চিত করতে কারিগরী দক্ষতার প্রয়োজন।

বাংলাদেশে মধু ও তৎসংশ্লিষ্ট পণ্য প্রক্রিয়াজাতকারী সংগঠনের মধ্যে যোগাযোগ স্থাপনে সহযোগিতা। মধু ও তৎসংশ্লিষ্ট পণ্য প্রক্রিয়াজাতকারী স্থানীয় সংস্থার মধ্যে আরো বেশি যোগাযোগ ও সংযোগের প্রয়োজন রয়েছে। এভাবে প্রক্রিয়াজাত হয়ে পণ্যে মূল্য সংযোজিত হয় এবং এতে মৌমাছি প্রতিপালনকারীরা উচ্চ হারে লাভ পেতে সমর্থ হয়।

সহায়ক গ্রন্থসমূহ :

Hoermann, B; Choudhary, D; Choudhury, D; Kollmar M (2010) *Integrated value chain development as a tool for poverty alleviation in rural mountain areas: An analytical and strategic framework*, Kathmandu: ICIMOD

ICIMOD (2008a) *Promoting Livelihoods through Income and Employment Generation in the CHT - A partnership project between ICIMOD AND UNDP - CHTDF , Quarterly Progress Report April - June 2008*. Kathmandu: ICIMOD

ICIMOD (2008b) *Promoting Livelihoods through Income and Employment Generation in the CHT - A partnership project between ICIMOD AND UNDP/CHTF , Quarterly Progress Report July - September 2008*. Kathmandu: ICIMOD

ICIMOD (2008c) *Promoting Livelihoods through Income and Employment Generation in the CHT - A partnership project between ICIMOD AND UNDP - CHTDF , Quarterly Progress Report October - December 2008*. Kathmandu: ICIMOD

ICIMOD (2009a) *Promoting Livelihoods through Income and Employment Generation in the CHT - A partnership project between ICIMOD AND UNDP - CHTDF , Quarterly Progress Report, January - March 2009*. Kathmandu: ICIMOD

ICIMOD (2009b) *Promoting Livelihoods through Income and Employment Generation in the CHT - A partnership project between ICIMOD AND UNDP - CHTDF , Quarterly Progress Report April - June 2009*. Kathmandu: ICIMOD

ICIMOD (2009c) *Promoting Livelihoods through Income and Employment Generation in the CHT - A partnership project between ICIMOD AND UNDP/CHTF Quarterly Progress Report July - September 2009 and The Final Report*. Kathmandu: ICIMOD

Macchi, M; (2010) *Framework for community- based climate vulnerability and capacity assessment in mountain areas*. Kathmandu: ICIMOD

Maniruzzaman, M; Mahamud, A; Ahmed, S (2009) *Feasibility Studies: Medicinal Plants, Mushroom and Ginger in Chittagong Hill Tracts*. Bangladesh: ICIMOD and Bangladesh Institute of Theatre Arts (BITA).

MoCHTA (2011) *Introduction to Ministry of Chittagong Hill Tracts Affairs*. Bangladesh: MoCHTA. (online) <http://www.mochtagovbd/> (accessed on 12 May 2011)

Rafi, M; Chowdhury, A. M. R (2001) *Counting The Hills: Assessing Development in Chittagong Hill Tracts*. Dhaka, Bangladesh: The University Press Limited.

Rana, G (2010) *Draft Report- Changing Lives: Building on regional experience to enhance income-generating opportunities in the Chittagong Hill Tracts*. Kathmandu: ICIMOD

Rasul, G (2005) 'Implications of changing national policies on land use in the Chittagong Hill Tracts, Bangladesh' *Journal of Environmental Management* 81: 441-453.

Roy, RD (2002) *Land and forest rights in Chittagong Hill Tracts*, Talking Point 4/02. Kathmandu: ICIMOD

UNDP-CHTDF (2011) *Project Fact sheet- Development and Confidence Building in the Chittagong Hill Tracts*. Bangladesh: UNDP. (online) <http://www.undp.org.bd/projects/prodocs/CHTDF/FINAL%20CHTDF%20factsheet%20Mar%202011.pdf> (accessed on 12 May, 2011)

UNDP (2009) *Socio- Economic Baseline Survey of Chittagong Hill Tracts*. Dhaka, Bangladesh: United Nations Development Programme - Chittagong Hill Tracts Development Facility

শব্দ-সংক্ষেপ

BIA - Bangladesh Institute for Apiculture

BSCIC - Bangladesh Small and Cottage Industries' Corporation

CEC - Community Empowerment Component

CHT - Chittagong Hill Tracts

HKH - Hindu Kush- Himalayas

ICIMOD - International Centre for Integrated Mountain Development

IGAs - Income Generating Activities

INGOs - International Non-Governmental Organization

MoCHTA - Ministry of Chittagong Hill Tracts Affairs

NGOs - Non- Governmental organizations

NTFPs - Non-Timber Forest Products

PDC - Para Development Committee

UNDP - CHTDF - United Nations Development Programme
Chittagong Hill Tracts Development Facility

পরিশিষ্ট

Table 9: List of medicinal plants and their therapeutic uses.

Scientific name	Vernacular name	Therapeutic use
<i>Acoruscalamus</i>	Boch	Diarrhoea, dysentery, weakness, indigestion, cough, constipation, stomach disorders
<i>Adhatodavasica</i>	Vasak	Expectorant, phthisis, cough, asthma
<i>Aloe indica</i>	Ghratakumari	Cooling agent, stomach diseases, used in skin creams
<i>Andrographispaniculata</i>	Kala megh	Antihelmenthic, dysentery, fevers, stomach issues
<i>Anisomelesindica</i>	Gobura	Carminative, astringent
<i>Aristolochiaindica</i>	Iswarmul	Stimulant, stomach diseases
<i>Asparagus racemosus</i>	Shatamuli	Diuretic, measles, diarrhoea, energy booster
<i>Azadirachtaindica</i>	Neem	Antispasmodic, insecticide
<i>Boerhaaviadiffusa</i>	Punarnova	Diuretic, antihelminthics, skin diseases, asthma
<i>Cassia alata</i>	Dadmardan	Anti-parasitic, antihelminthics, aesthetic
<i>Centellaasiatica</i>	Thankuni	Energy booster
<i>Cinnamomumtamala</i>	Tejpata	Spices, stimulant
<i>Curcuma aromatica</i>	Ban halud	Carminative
<i>Curcuma caesia</i>	Kalahalud	Diarrhoea
<i>Curcuma longa</i>	Halud	Spice
<i>Cymbopogoncitratatus</i>	Lebugandhighas	Colic, stomach diseases, rheumatic fever
<i>Daturametel</i>	Dutura	Hydrophobia, arthritis, stimulant, cough, diarrhoea, fever
<i>Embelonibes</i>	Biranga	Carminative, antihelminthics, laxative
<i>Ocimum sanctum</i>	Tulsi	Cough, fever, dysentery, mosquito repellent
<i>Phyllanthusemblica</i>	Amlaki	Rich in vitamins
<i>Piper longum</i>	Pipul	Digestive, cough and cold, arthritis, post pregnancy care, asthma, gonorrhoea
<i>Piper nigrum</i>	Gulmarich	Cough, spice
<i>Plumbagorosea</i>	LalChitra	Conjunctivitis, skin diseases, indigestion
<i>Rauwolfiaserpentina</i>	Sarpagandha	Hypertension, sedative,
<i>Santalum album</i>	ShetaChandan	Cosmetics, aromatic oil
<i>Saracaindica</i>	Ashoke	Menstruation, dysentery
<i>Terminaliaarjuna</i>	Arjun	Heart disease
<i>Terminaliabellirica</i>	Bhoera	Stomach diseases
<i>Terminaliachebula</i>	Haritaki	Stomach diseases
<i>Vitexnegundo</i>	Nishinda	Weakness, headaches, vomiting, malaria
<i>Woodfordia floribunda</i>	Dhalhul	Dye
<i>Zinger officinale</i>	Ada	Stimulant, cough, spice



ASHIKA

K. K. Roy Road, Rajbari, Rangamati - 4500
 Rangamati Hill District, Bangladesh.
 Tel: +88 0351-71220, 71182
 Fax: +88 0351-61485
 E-mail: ashika_ranga@yahoo.com
 Web: www.ashikabd.org